# সুনামগঞ্জ পৌরসভা

সুনামগঞ্জ।

স্মারক নং- সুঃপৌঃ/প্রকৌ/প্রঃ/২০২৩/৮১২ তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি.

বরাবর

**মহাপরিচালক**
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট
২৯ আগারগাঁও, শের ই বাংলা নগর,
ঢাকা-১২০৭

**বিষয় ঃ সুনামগঞ্জ পৌরসভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে তামাক নিয়ন্ত্রণ গাইডলাইন বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা ও মহোদয়ের কার্যালয় কর্তৃক স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রণ গাইডলাইন বাস্তবায়ন কর্মপরিকল্পনায় সুনামগঞ্জ পৌরসভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে চলমান ও গৃহিত কর্মসূচী ফরমেট অনুযায়ী পূরন পূর্বক আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক ৫ (পাঁচ) পাতা।

(মোঃ নাদের বখত)
মেয়র
সুনামগঞ্জ পৌরসভা
সুনামগঞ্জ।

স্মারক নং- সুঃপৌঃ/প্রকৌঃ/প্রঃ/২০২৩/৮১২ তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা।
০২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, সুনামগঞ্জ।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৫। সিভিল সার্জন ও সদস্য সচিব, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, সুনামগঞ্জ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৮। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
০৯। প্যানেল মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
১০। জনাব.................................................. সংরক্ষিত কাউন্সিলর (সকল)/ কাউন্সিলর (সকল), সুনামগঞ্জ পৌরসভা।
১১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, সুনামগঞ্জ সদর।
১২। অফিসার ইনচার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা।
১৩। জনাব মোঃ নিজাম উদ্দিন, সমাজ উন্নয়ন কর্মকর্তা (ফোকাল পয়েন্ট) ও তত্ত্বাবধায়ক (পানি শাখা), সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
১৪। জনাব ..........................................................................................
১৫। জনাব মোঃ মিজানুল হক সরকার, নির্বাহী পরিচালক, আরডিএসএ, সুনামগঞ্জ (তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠন) ও সদস্য, জেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি, সুনামগঞ্জ।
১৬। অফিস নথি।

মেয়র
সুনামগঞ্জ পৌরসভা
সুনামগঞ্জ।

# স্থানীয় সরকারে তামাক নিয়ন্ত্রণ গাইডলাইন বাস্তবায়ন কর্মপরিকল্পনা

(২০২৩-২০২৪ অর্থ বছর)

পৌরসভার নাম ঃ সুনামগঞ্জ পৌরসভা
জেলা ঃ সুনামগঞ্জ
উদ্দেশ্য/ লক্ষ্য ঃ তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বাস্তবায়ন

| ক্রমিক নং | কার্যাবলী | কিভাবে করবো | কখন করবো? | কে করবে/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজটি করতে কি ধরনের সম্পদ লাগবে | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **ফোকাল পয়েন্টঃ** পৌরসভার ফোকাল পয়েন্টকে স্থানীয় সরকারের গাইড লাইন বাস্তবায়নের নির্দেশনা প্রদান। (পৌরসভার ফোকাল পয়েন্ট- প্রধান নির্বাহী কর্মকর্তা/ মেডিকেল অফিসার) | পৌর মেয়র কর্তৃক মনোনীত | জুলাই/২০২৩ থেকে জুন/২০২৪ পর্যন্ত | জনাব মোঃ নিজাম উদ্দিন সমাজ উন্নয়ন কর্মকর্তা | ফোকাল পয়েন্ট মনোনয়ন সহ অফিসিয়াল পত্র বিতরণ | সুচারুরূপে দায়িত্ব পালন | সম্পন্ন হয়েছে |
| ২ | **পরিষদের সভাঃ** পৌরসভার মাসিক সভার আলোচ্য সূচিতে তামাক নিয়ন্ত্রণ বিষয়টি অর্ন্তভূক্ত করা। | নোটিশ প্রদানের মাধ্যমে | মাসিক সভার ৭ দিন পূর্বে | মেয়র/ পৌর নির্বাহী কর্মকর্তা | - | জনগুরুত্বপূর্ন বিষয় হিসেবে বিবেচিত হবে | চলমান |
| ৩ | **তামাক নিয়ন্ত্রণে বরাদ্দঃ** স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন গাইডলাইন অনুসারে বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাৎসরিক বাজেটে তামাক নিয়ন্ত্রণের জন্য বাজেট বরাদ্দ করা। | ২০২৩ -২০২৪ অর্থ বছরে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমে ৫,০০,০০০/- বরাদ্দ রাখা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | নির্ধারিত বাজেট ব্যয় বিভাজন মোতাবেক | পৌর এলাকায় তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমে জনসচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে | সম্পন্ন হয়েছে |
| ৪ | **ওয়েবসাইট ও প্রকাশনাঃ** পৌরসভার ওয়েবসাইট ও প্রকাশনায় তামাক নিয়ন্ত্রণ বিষয়ক বার্তা প্রদান এবং তামাক বিরোধী কার্যক্রমের তথ্য শেয়ার করা। | পৌরওয়েব সাইটে আপলোড ও সোস্যাল মিডিয়ায় মাধ্যমে | ২০২৩-২০২৪ অর্থ বছরে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে দায়িত্বশীল ব্যক্তি | - | তামাক নিয়ন্ত্রণে গৃহিত কর্মসূচী সম্পর্কে সাধারণ মানুষ জানতে পারবে | প্রক্রিয়াধীন |

| ক্রমিক নং | কার্যাবলী | কিভাবে করবো | কখন করবো? | কে করবে/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজটি করতে কি ধরনের সম্পদ লাগবে | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৫ | **তথ্য সংরক্ষন:** তামাক নিয়ন্ত্রণ কাজের জন্য পৃথক ফাইল তৈরি ও কার্যক্রমের তথ্য সংরক্ষন করা। | পৌর কর্তৃপক্ষের নির্দেশনায় পৃথক ফাইল তৈরী করে সংরক্ষণ | বছর ব্যাপী | ফোকাল পয়েন্টের নেতৃত্বে দায়িত্বশীল ব্যাক্তি | ল্যাপটপ ও প্রিন্টার | তথ্য সংরক্ষণ নিশ্চিত হবে | সম্পন্ন হয়েছে |
| ৬ | **হেলপ লাইন স্থাপন:** তামাক নিয়ন্ত্রণ আইন বা নির্দেশিকার নির্দেশনা ভঙ্গের অভিযোগ গ্রহণ ও এ সংক্রান্ত অন্যান্য সহায়তা প্রদান করার জন্য হেলপ লাইন স্থাপন করা। | তামাক সংক্রান্ত পৃথক ডেস্কে জনবল নিয়োগ এর মাধ্যমে | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | মেয়র, সুনামগঞ্জ পৌরসভা ও ফোকাল পয়েন্ট | প্রয়োজনীয় ডেস্ক ও পৃথক মোবাইল নাম্বার | তথ্য প্রাপ্তি নিশ্চিত হবে | প্রক্রিয়াধীন |
| ৭ | **আইনের প্রয়োগ:** ফোকাল পয়েন্ট এর মাধ্যমে স্ব-উদ্যোগে বিভিন্ন পাবলিক প্লেস ও পাবলিক পরিবহন পরিদর্শন করে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন বন্ধ ও সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী প্রদর্শন নিশ্চিত করা। | মাইকিং, প্রচার, লিফলেট বিতরণসহ গুরুত্বপূর্ণ ও জনবহুল এলাকায় সাইনেজ স্থাপন | বছর ব্যাপী | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | মাল্টিমিডিয়া প্রোজেক্টর, পোটেবল সাউন্ড সিষ্টেম, লিফলেট সহ পিভিসি সাইনেজ | পৌর এলাকার সাধারণ মানুষ ও তামাকজাত দ্রব্য বিক্রয়কারী ব্যবসায়ীবৃন্দ সংশ্লিষ্ট আইন সম্পর্কে জানতে ও বুঝতে পারবে | প্রক্রিয়াধীন |
| ৮ | **ধূমপানমুক্ত সাইন:** পৌরসভা, অধীনস্থ প্রতিষ্ঠান এবং সকল পাবলিক প্লেস ও পরিবহনে ধূমপানমুক্ত সাইন স্থাপন নিশ্চিত করা। | সংশ্লিষ্ট বাজেট থেকে পৌরভবন, পৌর বিদ্যালয়, পৌর এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক প্লেস ও পরিবহনে সতর্কীকরণ সাইনেজ লাগানো | বছর ব্যাপী | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | পিভিসি সাইনেজ ও ষ্টিকার | পাবলিক প্লেস ও পাবলিক পরিবহন সহ শিক্ষা প্রতিষ্ঠানের যাতায়াতকারী ব্যাক্তিবর্গ আইন ও ক্ষতিকর দিক সম্পর্কে দেখতে ও বুঝতে পারবে | চলমান |

চলমান পাতা- ৩

| ক্রমিক নং | কার্যাবলী | কিভাবে করবো | কখন করবো? | কে করবে/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজটি করতে কি ধরনের সম্পদ লাগবে | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৯ | **খুচরা তামাক বিক্রির লাইসেন্স নিশ্চিত:** স্থানীয় সরকারের গাইডলাইন অনুসারে সকল তামাকজাত দ্রব্য বিক্রয়ে লাইসেন্স গ্রহনের নির্দেশনা প্রদান এবং ভ্রাম্যমান বিক্রয়ের উপর নিষেধাজ্ঞা জারী করা। | পৌর কর্তৃপক্ষের লাইসেন্স শাখা কর্তৃক ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রেতা হিসেবে পৃথক লাইসেন্স প্রদান | বছর ব্যাপী | পৌর কর্তৃপক্ষের লাইসেন্স শাখা | লাইসেন্স সংক্রান্ত সিটিজেন চার্টার স্থাপন | তামাকজাত দ্রব্য বিক্রেতাগণ তামাক সংক্রান্ত আইন ও বিধিবিধান সম্পর্কে জানতে পারবে। | চলমান |
| ১০ | **স্কুল ও হাসপাতাল:** স্কুল ও হাসপাতালের ১০০ মিটারের মধ্যে তামাকজাত দ্রব্যের দোকান চিহ্নিত করা, নোটিশ প্রদান এবং অপসারণ করা। | জরীপ করার মাধ্যমে দোকান চিহ্নিত করার মাধ্যমে নোটিশ প্রদান | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার মাধ্যমে জনবল নিয়োগ | শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে ১০০ মিটারের মধ্যে তামাকজাত দ্রব্য বিক্রেতার তথ্য সম্পর্কে জানতে পারবো ও আইন অমান্যকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরোধী পত্র প্রেরণ করা যাবে। | চলমান |
| ১১ | **লাইসেন্স মনিটরিং:** তামাকজাত দ্রব্য বিক্রয়ে লাইসেন্স গ্রহণ সংক্রান্ত মনিটরিং নিশ্চিত করা। | ওয়ার্ড ভিত্তিক পৌর এলাকায় তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | পৌর কর্তৃপক্ষের লাইসেন্স শাখা | পৌর কর্তৃপক্ষের লাইসেন্স শাখার জনবল ও মটরযান | সরজমিনে তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন করা। | প্রক্রিয়াধীন |
| ১২ | **বিজ্ঞাপন অপসারন:** স্যানিটারি কর্মকর্তা ও লাইসেন্সিং কর্মকর্তার মাধ্যমে অবৈধ তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন চিহ্নিত ও অপসারণ নিশ্চিত করা। | পৌর কর্তৃপক্ষের নির্দেশনায় পৃথক জনবল নিয়োগের মাধ্যমে | বছর ব্যাপী | পৌর স্যানেটারী পরিদর্শক ও পৌর কর্তৃপক্ষের লাইসেন্স শাখার সমন্বয়ে | প্রয়োজনীয় জনবল | বহুজাতিক তামাক কোম্পানী কর্তৃক প্রচার-প্রচারণা রোধ হবে। | প্রক্রিয়াধীন |

চলমান পাতা- ৪

| ক্রমিক নং | কার্যাবলী | কিভাবে করবো | কখন করবো? | কে করবে/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজটি করতে কি ধরনের সম্পদ লাগবে | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | **টাস্কফোর্স:** পৌরসভার প্রতিনিধি হিসেবে টাস্কফোর্স-র দায়িত্ব পালন, আইন লঙ্ঘনের তথ্য প্রদান এবং আইনের প্রয়োগে ব্যবস্থা গ্রহণ | জেলা টাস্কফোর্স কমিটিতে মেয়র মহোদয়ের অংশগ্রহণ | বছর ব্যাপী | মেয়র, সুনামগঞ্জ পৌরসভা ও ফোকাল পয়েন্ট | - | টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত সমূহ পৌরএলাকায় বাস্তবায়ন করা সম্ভব হবে। | চলমান |
| ১৪ | **মোবাইল কোর্ট:** আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পৌর এলাকায় পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে তামাকজাত দ্রব্য সেবনকারী ব্যক্তি ও তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠান সমূহে | বছর ব্যাপী | উপজেলা প্রশাসনের সহযোগিতায় নির্বাহী ম্যাজিস্ট্রেট, ফোকাল পয়েন্ট, পৌর স্যানেটারী পরিদর্শক ও স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ কর্তৃপক্ষ সহ সাংবাদিকবৃন্দ | প্রয়োজনীয় জনবল ও মটরযান এবং আইন শৃংখলা বাহিনী (পুলিশ) | আইন অমান্যকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আইন সম্পর্কে শ্রদ্ধাশীল হবে। | প্রক্রিয়াধীন |
| ১৫ | **সামাজিক সংগঠন:** স্থানীয় সামাজিক সংগঠনের মাধ্যমে তামাক বিরোধী প্রচারণা জোরদার করা | স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় পৌর এলাকায় ধূমপান ও তামাকজাত দ্রব্য বিরোধী পরিকল্পনা গ্রহণ | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ কর্তৃপক্ষ | প্রয়োজনীয় অর্থ বরাদ্দ | স্মার্ট পৌরসভা বিনির্মানে সুনিদিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা সম্ভব হবে। | চলমান |

চলমান পাতা- ৫

| ক্রমিক নং | কার্যাবলী | কিভাবে করবো | কখন করবো? | কে করবে/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজটি করতে কি ধরনের সম্পদ লাগবে | প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | **প্রতিবেদন দাখিল:** স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পানি অনুবিভাগ এবং জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের তথ্য প্রেরণ | স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | - | পৌরসভায় তামাক নিয়ন্ত্রণে গৃহিত ও বাস্তবায়িত কর্মসূচী সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাক্তি ও প্রতিষ্ঠানকে অবহিত করা যাবে | প্রক্রিয়াধীন |
| ১৭ | **তামাক নিয়ন্ত্রণ লাইসেন্সিং এর ক্ষেত্র অনুসন্ধান** | জরীপের মাধ্যমে | আগামী ৩০.১০.২০২৩ তারিখের পূর্বে | ফোকাল পয়েন্টের নেতৃত্বে স্বেচ্ছাসেবী সংস্থা আরডিএসএ সংস্থার সহযোগিতায় | প্রয়োজনীয় জনবল | আইন অমান্যকারী তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যাবে | চলমান |

**(মোঃ নিজাম উদ্দিন)**
সমাজ উন্নয়ন কর্মকর্তা (ফোকাল পয়েন্ট)
ও
তত্ত্বাবধায়ক (পানি শাখা)
সুনামগঞ্জ পৌরসভা
সুনামগঞ্জ

**([illegible] পাল)**
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পৌরসভা
সুনামগঞ্জ

**(মোঃ নাদের বখত)**
মেয়র
সুনামগঞ্জ পৌরসভা
সুনামগঞ্জ